দৈনিক
ইনকিলাব

তারিখ ..21 JUL 2012...
পৃষ্ঠা ... ৩য় কলাম ৩ ......

# দেশে ৩২ মেডিকেল ও ডেন্টাল কলেজ পরিদর্শন সম্পন্ন

স্টাফ রিপোর্টার : বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) অধিভুক্ত ৩২ প্রতিষ্ঠানের পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এসব মেডিকেল/ডেন্টাল কলেজের প্রায় দেড় হাজার ডাক্তার উচ্চতর ডিগ্রী অর্জনের সুযোগ পাবেন বলে জানা গেছে। দেশের বিশেষজ্ঞ ডাক্তারদের একটি দল এ পরিদর্শন করেন। তাদের মতামতের ভিত্তিতে যে সব কোর্সের অনুমোদন দেয়া হয়েছে তার মধ্যে রয়েছে -এমডি, এমএস, এমফিল, এমপিএইচ এবং ডিপ্লোমা। পরিদর্শন কার্যক্রম সম্পর্কে প্রফেসর আবু শফি আহমেদ আমিন বলেন, উচ্চতর ডিগ্রী অর্জনের মান পূরণ না করায় ইতিমধ্যে কিছু প্রতিষ্ঠানে কোর্সও বন্ধ করা হয়েছে। এ কার্যক্রম দেশের চিকিৎসা ক্ষেত্রে এবং উচ্চশিক্ষার মনোন্নয়নে যুগোপযোগী ভূমিকা রাখবে। একই সঙ্গে দেশের সকল মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/প্রতিষ্ঠানে বিএসএমএমইউ'র রেসিডেন্সি প্রোগ্রামে পর্যায়ক্রমে সমন্বয় করে চিকিৎসা বিজ্ঞানের উচ্চশিক্ষার মানউন্নয়ন ও আধুনিকায়ন করার পরিকল্পনা রয়েছে। বিএসএমএমইউ বেসিক চিকিৎসা অনুষদের ডীন প্রফেসর ডা. এম ইকবাল আর্সলান, সার্জারি অনুষদের ডীন প্রফেসর ডা. কনক কান্তি বড়ুয়া, মেডিসিন অনুষদের ডীন প্রফেসর ডা. এবিএম আব্দুল্লাহ, পরিচালক (পরিদর্শন) কলেজেস এন্ড পোস্ট গ্রাজুয়েট ইনস্টিটিউট প্রফেসর ডা. আবু শফি আহমেদ আমিন, চক্ষু বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডা. শারফুদ্দিন আহমেদ, ডেন্টাল অনুষদের ডীন প্রফেসর ডা. মো. শামসুল আলম, নার্সিং অনুষদের ডীন প্রফেসর ডা. শাহানা আখতার রহমান, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন প্রফেসর হুমায়ুন সাত্তার প্রমুখ। এ ছাড়া অধিভুক্ত প্রতিষ্ঠানের প্রফেসররা পরিদর্শন দলে অন্তর্ভুক্ত ছিলেন।

উল্লেখ্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০১০ সালের ২৮ মার্চ এক আদেশের মাধ্যমে দেশের সকল পোস্ট-গ্রাজুয়েট মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/প্রতিষ্ঠানসমূহকে বিএসএমএমইউ'র অধীনে অধিভুক্ত করা হয়। সে অনুযায়ী বিএসএমএমইউ'র পরিচালক (পরিদর্শন) বিভাগ ২০১০ সালের অক্টোবর প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের কাজ শুরু করে চলতি বছরের ৯ মে সম্পন্ন করেছে। এই সময়ের মধ্যে ৩২টি প্রতিষ্ঠান পরিদর্শনের কাজ সম্পন্ন করে।